

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৩.২০১৩-

৬৬২

তারিখঃ ২১.০৭.২০১৩


আদেশ

যেহেতু, ডাঃ মোঃ নুরুল আলম (৩২০৩১), সিনিয়র কনসালটেন্ট, অর্থো-সার্জারী, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, ব্রাহ্মনবাড়ীয়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৪.০৭.২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, বদলিকৃত কর্মস্থলে স্ত্রী, সন্তানকে নিয়ে যাওয়ার সময় সড়ক দুর্ঘটনায় তার স্ত্রী মারাত্মকভাবে আহত হন। চিকিৎসকের পরামর্শে স্ত্রীর চিকিৎসার ও সেবা শ্রুসার জন্য তাকে সে সময় স্ত্রীর পাশে থাকতে হয়েছে। তিনি তাঁর অসুবিধার বিষয়টি সময়ে সময়ে তার উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতেন। পরবর্তীতে তিনি নিজেও মারাত্মকভাবে অসুস্থ হয়ে পড়েন এবং চিকিৎসা গ্রহণ করেন। তিনি সুস্থ হয়ে গত ১৭.০৪.২০১৩ তারিখ কর্মস্থলে যোগদান করে নিয়মিত দায়িত্ব পালন করে আসছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ নুরুল আলম (৩২০৩১), সিনিয়র কনসালটেন্ট, অর্থো-সার্জারী, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, ব্রাহ্মনবাড়ীয়া এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়টি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় তাকে সতর্ক করে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হল।


(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব


নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৩.২০১৩-

৬৬২/৩ (১)

তারিখঃ ২১.০৭.২০১৩

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, ব্রাহ্মনবাড়ীয়া
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ডাঃ মোঃ নুরুল আলম (৩২০৩১), সিনিয়র কনসালটেন্ট, অর্থো-সার্জারী, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, ব্রাহ্মনবাড়ীয়া


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১২.২০১৩-

১৫৫৬

তারিখঃ ২৮.০৭.২০১৩

আদেশ

যেহেতু, ডাঃ জাকিয়া সুলতানা বেগম (৩১৭৪০), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১০.০৬.২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, চাকুরি জীবনে তিনি চট্টগ্রাম বিভাগের বিভিন্ন উপজেলায়, পার্বত্য জেলায়, সদর হাসপাতালে এবং চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ১৯ বার বদলি হয়ে সব কর্মস্থলে যোগদান করে নিষ্ঠার সাথে দায়িত্ব ও কর্তব্য পালন করেছেন। চট্টগ্রাম হতে ফরিদপুরে বদলি করা হলে ফরিদপুরে যাতায়াত এবং পরিবার পরিজন ছাড়া ফরিদপুরে কর্মরত থাকাকালীন তিনি মারাত্মকভাবে অসুস্থ হন। তিনি গত ০৮.১০.২০১২ তারিখে চট্টগ্রাম মেডিকেল কলেজে সহযোগী অধ্যাপক (চঃদাঃ) হিসেবে বদলি হয়ে অদ্যাবধি কর্মরত আছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ জাকিয়া সুলতানা বেগম (৩১৭৪০), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তীর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় তাঁকে সতর্ক করে আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।



(এম. এম. নিয়াজউদ্দিন)

সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১২.২০১৩-

১৫৫৬

তারিখঃ ২৮.০৭.২০১৩

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ডাঃ জাকিয়া সুলতানা বেগম (৩১৭৪০), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম



(মোঃ সাইদুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd